

শুগান্ধ

প্রিন্ট: ১৭ জুলাই ২০২৫, ১০:১৯ এএম

শিক্ষাজ্ঞন

এনসিপির সমাবেশে হামলার প্রতিবাদে জাবি গেটে মহাসড়ক রুকেড



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৬ জুলাই ২০২৫, ১০:৫০ পিএম



গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সমাবেশে হামলার প্রতিবাদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) প্রধান ফটকসংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়ক রাস্তাকে করেছেন শিক্ষার্থীরা।

এ সময় বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগচাস), ছাত্রদল ও ছাত্রশিবিরের শিক্ষার্থীরাও তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন।

বুধবার (১৬ জুলাই) বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ঢাকা-আরিচা মহাসড়কে এ রাস্তাকে কর্মসূচি পালন করেন তারা। প্রায় ৫০ মিনিট অবরোধ শেষে সড়ক ছেড়ে দেন শিক্ষার্থীরা।

এ সময় ‘আবু সাঈদ মুঞ্ব, শেষ হয়নি যুদ্ধ’ ‘আমার ভাইয়ের সমাবেশে হামলা কেন, প্রশাসন জবাব চাই’ ‘মুজিবাদ মুর্দাবাদ, ইনকিলাব জিন্দাবাদ’ ‘আওয়ামী লীগের আস্তানা, ভেঙে দাও গুঁড়িয়ে দাও’ ‘মুজিববাদের ঠিকানা, এই বাংলায় হবে না’ ‘আওয়ামী লীগের ঠিকানা, এই বাংলায় হবে না’ ইত্যাদি স্লোগান দিতে দেখা যায়।

সমাবেশে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের জাবি শাখার আহ্বায়ক আরিফুজ্জামান উজ্জ্বল বলেন, আওয়ামী লীগের দোসর ও ছাত্রলীগ এনসিপির কেন্দ্রীয় নেতাদের গাড়িবহরে ও শান্তিপূর্ণ সমাবেশে হামলা করেছে, এর প্রতিবাদে আমাদের এ রাস্তাকে কর্মসূচি। এ হামলার বিচার নিশ্চিত করতে হবে। জনগণের নিরাপত্তা দেওয়ার দায়িত্ব সরকারের; কিন্তু আমরা দেখতে পেয়েছি সেনাবাহিনী, পুলিশ সেখানে নীরব ভূমিকা পালন করেছে। বিচার নিশ্চিত না হওয়া পর্যন্ত আমরা আমাদের কর্মসূচি চালিয়ে যাব।